

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং-৫১.০১.০০০০.০৩২.০৫.০০৭.১৯-৫২

তারিখঃ ২৬ আষাঢ়, ১৪২৬  
০৭ জুলাই, ২০১৯

বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরকারী মাঠ পর্যায়ের কার্যালয়ের তালিকা প্রেরণ।

সূত্রঃ (ক) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮৪২.৩২.০০১.১৮.৩১ তারিখঃ ২৯ মে, ২০১৯ খ্রিঃ।


(খ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০৩২.০৫.০০৭.১৯.৪৩ তারিখঃ ১১/৪/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত “ক” পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকায় বর্ণিত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ২০ জুন, ২০১৯ এর মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সাথে সকল উর্দ্ধতন কর্তৃপক্ষের ২০১৯-২০ অর্থ বছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করার নির্দেশনা রয়েছে।

০২। সূত্রোক্ত “খ” স্মারকে পত্রের মাধ্যমে ইতোমধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের সাথে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে চুক্তি স্বাক্ষরকারী মাঠ পর্যায়ের কার্যালয়ের নামের তালিকা উপপরিচালক (প্রশমন) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) ফর্দ।



(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ৯৮৪১৫৮১

[dg@ddm.gov.bd](mailto:dg@ddm.gov.bd)

জেলা ত্রাণ পুনর্বাসন কর্মকর্তা

.....(সকল)।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপসচিব (বাজেট) ও সদস্য সচিব, এপিএ টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখা  
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৪২.৩২.০০১.১৮.৩১

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬

১৯ মে ২০১৯

বিষয়: ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরকারী দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়ের তালিকা প্রেরণ।  
সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখার স্মারক নম্বরঃ ০৪.০০.০০০০.৮৪২.৩১.০০১.১৮-২৭,  
তারিখঃ ১৯ এপ্রিল ২০১৯।

মন্ত্রিপরিষদ বিভাগ হতে তাঁর মন্ত্রণালয়/বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থ-বছরের এপিএ প্রণয়ন কার্যক্রম এপিএ গাইডলাইন ও ক্যালেন্ডার অনুযায়ী নিশ্চিতকরণ এবং দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের এপিএ কার্যক্রম জোরদারকরণের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক তা ১৩ মে ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য সূত্রস্থ স্মারকে প্রেরিত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়। মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী এপিএ চূড়ান্তকরণের সময়সীমা যথাক্রমে ১০ জুন ২০১৯, ১৩ জুন ২০১৯ ও ৩০ মে ২০১৯। এপিএ ক্যালেন্ডারে বর্ণিত সময়ের মধ্যে এপিএ চূড়ান্তকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২। ২০১৮-১৯ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি দপ্তর/সংস্থার এপিএ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক সফটওয়্যার (এপিএএমএস) এর মাধ্যমে প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হচ্ছে এবং আগামী ২০২০-২১ অর্থবছর হতে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের এপিএ এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন করার পরিকল্পনা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়/বিভাগসমূহ ২০১৮-১৯ অর্থবছরে কতটি দপ্তর/সংস্থার সাথে এপিএ চুক্তি স্বাক্ষর করেছে এবং মাঠ পর্যায়ের কতটি কার্যালয়ের সাথে তার উর্ধ্বতন কার্যালয়ের এপিএ চুক্তি স্বাক্ষরিত হচ্ছে তার তালিকা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের এপিএ ক্যালেন্ডার অনুযায়ী যথাক্রমে ১০ জুন ২০১৯, ১৩ জুন ২০১৯ ও ৩০ মে ২০১৯ সময়সীমার মধ্যে এপিএ চূড়ান্তকরণের বিষয়টি নিশ্চিত করা এবং নিয়োক্ত ছক অনুযায়ী তাঁর মন্ত্রণালয়/বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরের তথ্যাদি (হার্ডকপি এবং সফটকপি MS Word ফরম্যাটে pmim2\_sec@cabinet.gov.bd ইমেইল ঠিকানায়) ১৬ জুন ২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মন্ত্রণালয়/বিভাগের নাম	এপিএ স্বাক্ষরকারী আওতাধীন দপ্তর/সংস্থার তালিকা	এপিএ স্বাক্ষরকারী মাঠ পর্যায়ের কার্যালয়ের তালিকা		
		বিভাগীয় কার্যালয় (যদি থাকে)	জেলা কার্যালয় (যদি থাকে)	উপজেলা কার্যালয় (যদি থাকে)



১১-৫-২০১৯

আর. এইচ. এম. আলাউল কবির

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১৪

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: pmim2\_sec@cabinet.gov.bd

বিতরণ :

১) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,  
ঢাকা। [দৃ: আ: জনাব মোঃ আয়াত উল্যা মজুমদার, যুগ্মসচিব ও  
এপিএ টিম প্রধান]



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

নং-৫১.০১.০০০০.০৩২.০৫.০০৭.১৯-৪৬

তারিখঃ ১১-০৪-২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকার অনুলিপি (৫) এ বর্ণিত মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি (এপিএ ক্যালেন্ডার) অনুযায়ী আগামী ২২/০৪/২০১৯ খ্রি. এর মধ্যে জেলা/উপজেলা পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুত, ২৫/০৪/২০১৯ খ্রি. এর মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় প্রধান কর্তৃক খসড়া অনুমোদন এবং ২৩/০৫/২০১৯ খ্রি. এর মধ্যে উর্ধ্বতন কার্যালয়ের এপিএ টিম কর্তৃক চুক্তির খসড়া পর্যালোচনা করার নির্দেশনা রয়েছে।

০২. এছাড়া ৩০/০৫/২০১৯ খ্রি. এর মধ্যে উর্ধ্বতন কার্যালয়ের এপিএ টিমের সুপারিশ (যদি থাকে) অতর্ভুক্তি পূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্ত করে ১৬/০৬/২০১৯ খ্রি. এর মধ্যে উর্ধ্বতন কার্যালয়ে চুক্তি অনুমোদন ও স্বাক্ষরের জন্য প্রেরণ করতে হবে।

০৩. এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্দেশিকা অনুসরণ পূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নকরে জেলা পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া পর্যালোচনার জন্য আগামী ২৩/০৫/২০১৯ খ্রি. এর মধ্যে উপপরিচালক (প্রশমন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে- ১২ (বার) পাতা।

জেলা ত্রাণ ও পূর্নবাসন কর্মকর্তা (সকল)

  
২০.০৪.২০১৯

(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ৯৮৪১৫৮১

ই-মেইলঃ dg@ddm.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (বাজেট) ও সদস্য সচিব এপিএ টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।